গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আইসিটি সেল, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd

**বিষয়: ৩০ অক্টোবর ২০১৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ আমিনুল ইসলাম (অতিরিক্ত সচিব) ও চিফ ইনোভেশন অফিসার। |
| সভার তারিখ | : ৩০.১০.২০১৬ |
| সময় | : বিকাল ০৩.০০ টায় |
| স্থান | : মন্ত্রণালয়ের সভাকক্ষ। |
| উপস্থিতি | : সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্তি-১ এ সন্নিবেশিত হলো। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি তাঁর প্রারম্ভিক বক্তব্যে ইনোভেশনের বিভিন্ন দিক তুলে ধরেন। তিনি বলেন যে, ইনোভেশন বলতে বুঝায় নতুন উদ্ভাবনী বা প্রচলিত সেবাকে আরো কম সময়ে, স্বল্পব্যয়ে ও দ্রুততার সহিত প্রদান। সভাপতির অনুমতিক্রমে সহকারী প্রোগ্রামার জনাব রতন চন্দ্র পাল মন্ত্রণালয়ের ও দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। এর মধ্যে সভায় উপস্থিত বাংলা একাডেমী প্রতিনিধি জানান তাদের ওয়েবসাইটটি নতুন করে প্রস্তুত করা হয়েছে এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমীর প্রতিনিধি জানান তাদের ওয়েবসাইটটি নতুন করে তৈরির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ জাতীয় জাদুঘর, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, কপিরাইট অফিস এবং আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর সভায় অবহিত করেন যে e-tender কার্যক্রম শুরু করার জন্য তারা CPTU এর সাথে যোগাযোগ করেছেন এবং প্রাথমিক কার্যাদি সম্পন্ন করেছেন। এছাড়া প্রত্নতত্ত্ব অধিদপ্তর, লোক ও কারুশিল্প ফাউন্ডেশন এবং বাংলাদেশ জাতীয় জাদুঘরের বিভিন্ন জাদুঘরের প্রবেশের টিকিট মোবাইল এর মাধ্যমে ক্রয় করার জন্য টেলিটকের সঙ্গে আলাচনা করে হলে টেলিটক জানিয়েছে যে তারা এ ধরণের কাজের জন্য এখনও প্রস্তুত নন বলে সভায় অবহিত করা হয়।

২। বিস্তারিত পর্যালোচনার পর মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের অগ্রগতি প্রতিবেদন'এর বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | ২০১৫ সন পর্যন্ত ইনোভেশন টিমের কার্যক্রম। | ইনোভেশন টিম কর্তৃক বাস্তবায়িত ২০১৫ সন পর্যন্ত প্রতিবেদন যে সকল দপ্তর/সংস্থা প্রেরণ করেছেন তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন ও বাকিদেরকে জরুরি ভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | যে সকল দপ্তর/সংস্থা এখনও প্রেরণ করেনি। |
| ০২. | ২০১৬ সনের ইনোভেশন টিমের কর্ম-পরিকল্পনা। | দপ্তর/সংস্থার ইনোভেশন টিক কর্তৃক গৃহীত ২০১৬ সনের কর্ম-পরিকল্পনা যে সকল দপ্তর/সংস্থা প্রেরণ করেছেন তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন ও বাকিদেরকে জরুরি ভিত্তিতে ২০১৬ সনের কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | যে সকল দপ্তর/সংস্থা এখনও প্রেরণ করেনি। |
| ০৩. | Tender – Online | ডিসেম্বর ২০১৬ থেকে সকল টেন্ডার e-tender প্রক্রিয়ার মধ্যে সম্পন্ন করার জন্য বাস্তবভিত্তিক উদ্যোগ গ্রহণ করতে হবে। এ বিষয়ে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সদস্যদের নিয়ে পরিকল্পনা মন্ত্রণালয়ের CPTU ইউনিট এর সহযোগিতায় মন্ত্রণালয়ে একটি দিনব্যাপি কর্মশালার আয়োজন করার বিষয়ে CPTU কে পত্র প্রেরণ করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন) ও সকল দপ্তর/সংস্থা। |
| ০৪. | স্ব স্ব ওয়েবসাইট হালনাগদকরণ। | মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করার বিষয়ে একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করতে হবে ও একজন অতিরিক্ত দায়িত্বে থাকবেন যে সমস্থ সংস্থার ওয়েবসাইট হালনাগাদকরণ নেই, যে সকল দপ্তর/সংস্থা তাদের ওয়েবসাইট দ্রুত হালনাগাদকরে মন্ত্রণালয়কে অবহিত করবে। যে সকল দপ্তর/সংস্থার ওয়েবসাইট নেই সে সমস্ত প্রতিষ্ঠানের ওয়েবসাইট প্রস্তুতকরণের জন্য মন্ত্রণালয়ের মাধ্যমে এটুআইকে পত্র প্রেরণ করতে হবে। | সহকারী প্রোগ্রামার ও সকল দপ্তর/সংস্থা। |
| ০৫. | মোবাইল এর মাধ্যমে টিকিট বিক্রয়করণ। | বাংলাদেশ জাতীয় জাদুঘর ও এর শাখা জাদুঘর, বিভিন্ন প্রত্নতাত্ত্বিক জাদুঘর, লোক ও কারুশিল্প ফাউন্ডেশনসহ টিকিট বিক্রি সংশ্লিষ্ট সকল দপ্তরকে প্রবেশ টিকিট মোবাইল এর মাধ্যমে বিক্রয় করার জন্য টেলিটক-এর পরিবর্তে বেসরকারি ব্যাংকের মাধ্যমে করার পরিকল্পনা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ০৬. | সভায় উপস্থিতি | ইনোভেশন টিমের পরবর্তী সকল সভায় দপ্তর/সংস্থার চিফ ইনোভেশন অফিসারের উপস্থিতি নিশ্চিত করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৩/১১/২০১৬
(মোঃ আমিনুল ইসলাম)
অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা)
ও
চিফ ইনোভেশন অফিসার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.১২৬.১৮.০০৯.১৪-২৩৯

তারিখ: ২২ কার্তিক ১৪২৩ / ০৬ নভেম্বর ২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যর্থে অনুলিপি (জ্যেষ্ঠতাভিত্তিক নয়):

১। মহাপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, সেগুনবাগিচা, ঢাকা।
৩। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৪। মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
৫। মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা।
৬। নির্বাহী পরিচালক, নজরুল ইন্সটিটিউট, কবি ভবন, ধানমন্ডি, ঢাকা।
৭। যুগ্মসচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। পরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, শেরেবাংলানগর, ঢাকা।
৯। পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা।
১০। পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।
১১। রেজিস্ট্রার অব কপিরাইট, কপিরাইট অফিস, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
১২। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী, বিরিশিরি, নেত্রকোনা।
১৩। পরিচালক (ভারপ্রাপ্ত), কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার।
১৪। পরিচালক (ভারপ্রাপ্ত), ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান।
১৫। পরিচালক (ভারপ্রাপ্ত), ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি।
১৬। উপপরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট, খাগড়াছড়ি।
১৭। উপপরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী।
১৮। উপপরিচালক (ভারপ্রাপ্ত), মণিপুরি ললিতকলা একাডেমি, কমলগঞ্জ, মৌলভীবাজার।

সদয় অবগতি জন্য অনুলিপি:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: জনাব মাহ্‌ফুজা বেগম, সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা)
২। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪। অফিস কপি/গার্ড ফাইল।

Rpaul 06.11.16

রতন চন্দ্র পাল
সহকারী প্রোগ্রামার
ফোন: ৯৫৪০২৪৭
E-mail: ap@moca.gov.bd